

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**  
হাইকোর্ট বিভাগ  
বিচার শাখা  
[www.supremecourt.gov.bd](http://www.supremecourt.gov.bd)

বিজ্ঞপ্তি নং-১০/২০২৪

জে,

তারিখ: ০৬ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ  
২০ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: উপজেলা পরিষদের সাধারণ নির্বাচন উপলক্ষে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় অবস্থিত সকল অধিকার্তা আদালত ও টাইব্যুনালে ভোটগ্রহণের দিন অর্থাৎ আগামী ২১ মে ২০২৪ তারিখ মঙ্গলবার সাধারণ ছুটি ঘোষণা।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-৪ শাখা কর্তৃক জারিকৃত ১৫ মে ২০২৪ খ্রিষ্টাব্দ/০১ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ তারিখের ০৫.০০.০০০০.১৭৩.০৮.০২০.২৪.৫৯ নং প্রজ্ঞাপনমূলে বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের চাহিদা মোতাবেক ১৫৭ টি উপজেলা পরিষদের (সংযুক্ত তালিকা অনুযায়ী) সাধারণ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন অর্থাৎ আগামী ২১ মে ২০২৪ তারিখ সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে।

২। এমতাবস্থায়, উক্ত প্রজ্ঞাপনের সংযুক্ত তালিকায় উল্লিখিত ঠাকুরগাঁও, কুড়িগাম, গাইবান্ধা, জয়পুরহাট, চুয়াডাঙ্গা, নড়াইল, ভোলা, ঝালকাঠি, বরগুনা, রাজবাড়ী, শরীয়তপুর, ময়মনসিংহ, নেত্রকোণা, মৌলভীবাজার, চাঁদপুর, খাগড়াছড়ি জেলার আদালত/টাইব্যুনালসমূহ এবং গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ, পটুয়াখালী জেলার দশমিনা ও গলাচিপা, সুনামগঞ্জ জেলার ধর্মপাশা, চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া ও ফটিকছড়ি, কক্সবাজার জেলার চকরিয়া, বান্দরবান পার্বত্য জেলার লামা চৌকি আদালতসমূহ নির্বাচনি এলাকায় অবস্থিত হওয়ায় উক্ত আদালত/টাইব্যুনাল/চৌকি আদালতসমূহ ভোটগ্রহণের দিন অর্থাৎ আগামী ২১ মে ২০২৪ তারিখ মঙ্গলবার সাধারণ ছুটির আওতাভুক্ত থাকবে।

৩। উল্লেখ্য যে, বর্ণিত যেসকল জেলার সদর উপজেলায় অবস্থিত আদালত/টাইব্যুনালসমূহ সাধারণ ছুটির আওতাভুক্ত থাকবে সেসকল জেলার কোনো চৌকি আদালত যদি নির্বাচনি এলাকার বাইরে অবস্থিত থাকে, সেসব চৌকি আদালত সাধারণ ছুটির আওতার বাইরে থাকবে।

স্বাক্ষরিত

(এসকে.এম. তোফায়েল হাসান)

রেজিস্ট্রার (বিচার)

হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট

ফোন: ০২২২৩৩৫৮৭৮০

E-mail: [registrar.judicial@supremecourt.gov.bd](mailto:registrar.judicial@supremecourt.gov.bd)


স্মারক নং- ১ জে-৪৪/১৫(অংশ-১)-৪৬৩২ (৮)

জে,

তারিখ: ০৬ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ  
২০ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যৈষ্ঠতার ত্রুট্যানুসারে নয়):

- ১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ, ঠাকুরগাঁও/কুড়িগাম/গাইবান্ধা/জয়পুরহাট/চুয়াডাঙ্গা/নড়াইল/ভোলা/ঝালকাঠি/বরগুনা/রাজবাড়ী/শরীয়তপুর/ময়মনসিংহ/নেত্রকোণা/মৌলভীবাজার/চাঁদপুর/খাগড়াছড়ি/পটুয়াখালী/সুনামগঞ্জ/চট্টগ্রাম/কক্সবাজার/বান্দরবান পার্বত্য জেলা [সংশ্লিষ্ট সকলকে অবগত করার অনুরোধসহ]
- ৩। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ঠাকুরগাঁও/কুড়িগাম/১ ও ২, গাইবান্ধা/জয়পুরহাট/চুয়াডাঙ্গা/নড়াইল/ভোলা/ঝালকাঠি/বরগুনা/রাজবাড়ী/শরীয়তপুর/ময়মনসিংহ/নেত্রকোণা/মৌলভীবাজার/চাঁদপুর/খাগড়াছড়ি।
- ৪। বিশেষ জজ (জেলা জজ), বিশেষ জজ আদালত, ময়মনসিংহ।
- ৫। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ময়মনসিংহ।
- ৬। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ঠাকুরগাঁও/কুড়িগাম/গাইবান্ধা/জয়পুরহাট/চুয়াডাঙ্গা/নড়াইল/ভোলা/ঝালকাঠি/বরগুনা/রাজবাড়ী/শরীয়তপুর/ময়মনসিংহ/নেত্রকোণা/মৌলভীবাজার/চাঁদপুর/খাগড়াছড়ি।
- ৭। মানবীয় রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৮। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। গণসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।
- ১০। অফিস কপি।

  
(শোভন শাহরিয়ার)

সহকারী রেজিস্ট্রার (বিচার)

ফোন: ০২২২৩৩৫৮৫৮৩।

E-mail: [shovon.arjudicial@supremecourt.gov.bd](mailto:shovon.arjudicial@supremecourt.gov.bd)